দৈনিক ইত্তেফাক

৩।

তারিখ ... 15 JAN 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

# শিক্ষার দ্বার সকলের জন্য উন্মুক্ত করিতে হইবে

——— রওশন এরশাদ

নারায়ণগঞ্জ হইতে বাসস : বেগম রওশন এরশাদ গতকাল (রবিবার) এখানে বলেন, দেশের ভবিষ্যৎ প্রজন্মকে একটি উপযুক্ত কর্মী বাহিনীরূপে গড়িয়া তোলার

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## রওশন এরশাদ

(১ম পৃঃ পর)

জন্য সকল শিশুকে শিক্ষা প্রদানের পদক্ষেপ গ্রহণ করা হইতেছে। তিনি বলেন, শিক্ষার দ্বার সকলের জন্য উন্মুক্ত না হইলে উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত হইবে না। কাল লেডী আদমজী নগরে একটি পথকলি স্কুলের ভিত্তিপ্রস্তর স্থাপনের পর আদমজী জুটমিলসের শ্রমিক-কর্মচারীসহ সর্বস্তরের এক জনসমাবেশে ভাষণ দিতেছিলেন। পাটমন্ত্রী মাহবুবুর রহমান এবং শিক্ষামন্ত্রী শেখ শহিদুল ইসলামও এই অনুষ্ঠানে ভাষণ দেন

বেগম রওশন এরশাদ বলেন, বর্ত্তমান সরকার দেশের অর্থনৈতিক উন্নয়নে যাহারা অবদান রাখিতেছে সেই শ্রমজীবী জনগণের জীবনের ভাগ্যোন্নয়নে প্রচেষ্টা চালাইতেছেন। পাশাপাশি তাহাদের শিশুদের সমৃদ্ধ ভবিষ্যতের জন্য স্বাস্থ্য ও শিক্ষা ব্যবস্থাও গড়িয়া তুলিতেছেন।

তিনি বলেন, ক্ষুদ্র শিল্প স্থাপন করিয়া যুবকদের জন্য আরও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করিতে হইবে। তিনি বলেন, হতাশাগ্রস্ত মাদকসেবী হওয়ার হাত হইতেও বিরত রাখার জন্য যুব কর্মসংস্থান আবশ্যক।

আদমজীনগর হইতে ফিরার পথে বেগম এরশাদ যাত্রাবাড়ীতে পথকলি স্কুল-৩-এর উদ্বোধন করেন। দৈনিক ইত্তেফাকের সৌজন্যে স্কুলটি নির্মাণে ১৮ লক্ষ ১০ হাজার টাকা ব্যয় হইয়াছে। ইহাতে ১৮০ জন শিক্ষার্থী অধ্যয়ন করিতে পারিবে। তিনি স্কুলের ছাত্রদের সঙ্গে কথা বলেন এবং বিভিন্ন ক্লাস রুম ঘুরিয়া দেখেন। যোগাযোগমন্ত্রী আনোয়ার হোসেন, শিক্ষামন্ত্রী শেখ শহিদুল ইসলাম, সৈয়দ আবু হোসেন বাবলা এমপি ও এডভোকেট রেজাউর রহমান সে সময় উপস্থিত ছিলেন।